

বঙ্গবন্ধুর দর্শন  
সমবায়ের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
উপজেলা সমবায় অফিস, বড়াইগ্রাম, নাটোর।  
uco.braigam@gmail.com



নম্বর ৪৭.৬১.৬৯১৫.০০০.৩২.০০৪.২০.১৪৫

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৯

২৬ জুলাই ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী এর আদেশ নং-৮১৫, তারিখঃ-২৯/০৫/২০২২খ্রিঃ মূলে প্রদত্ত ক্ষমতা প্রাপ্ত হয়ে অত্র বড়াইগ্রাম ইউসিসিএলিঃ এর ২০২১-২২ খ্রিঃ সনের বার্ষিক অডিট সমবায় সমিতি আইন/২০০১, সংশোধিত /২০০২ ও ২০১৩ এর ৪৫ ও ৪৬ ধারা ও বিধিমালা/২০০৪ এর বিধি ১০০, ১০১, ১০২ ও ১০৩ মোতাবেক সম্পাদনের লক্ষ্যে নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক উক্ত সমিতির অডিট কার্যক্রম আগামী ১০/০৮/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সমিতির অফিস কক্ষে আরম্ভ করা হবে। উক্ত অডিট কার্য সম্পাদনের লক্ষ্যে নিম্নে উল্লেখিত হিসাব বিবরণী/রেকর্ড পত্রাদি হালনাগাদ নিম্ন-স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো। অডিট কার্যক্রমটি সমিতির সকল দেনাদার ও পাওনাদারদের অবহিত করনের নিমিত্তে পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হল।

হিসাব বিবরণী/রেকর্ড পত্রাদিঃ

- ১। ২০২১-২২ সনের জমা-খরচ হিসাব (প্রকল্প ভিত্তিক আলাদা আলাদা এবং একত্রিভূত জমা-খরচ হিসাব) এবং রেওয়ামিল।
- ২। ৩০/০৬/২২খ্রিঃ তারিখের লাভ-ক্ষতি বিবরণী।
- ৩। ২০২১-২২ সনের নগদ প্রবাহ বিবরণী।
- ৪। ৩০/০৬/২২খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্র।
- ৫। ৩০/০৬/২২খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্রে প্রদর্শিত সমিতির সকল দেনা ও পাওনা স্বপক্ষে হালনাগাদ বিস্তারিত তালিকা(শেয়ার, সঞ্চয় ও কর্জের আসল ও সুদের তালিকা।
- ৬। ৩০/০৬/২২খ্রিঃ তারিখে উদ্বৃত্তপত্রে প্রদর্শিত ব্যাংক হিসাব ও ব্যাংকের নিকট দেনার স্বপক্ষে ব্যাংক কর্তৃক সরবারহকৃত ৩০/০৬/২২খ্রিঃ তারিখে সমিতির নিকট ব্যাংকের ব্যালেন্স সার্টিফিকেট।
- ৭। ৩০/০৬/২২খ্রিঃ তারিখে সমিতির জমা-খরচ বহির সমাপনী মজুতের সাথে ব্যাংক হিসাবের স্থিতির পার্থক্য থাকলে ব্যাংক সমতাকরণ বিবরণী।
- ৮। সমবায় সমিতির আইন/২০০১ ও সমবায় সমিতি (সংশোধন) আইন ও ২০০২, ২০০৩ এর ৪৫ এ নিরীক্ষার প্রকৃতিতে বর্ণিত শর্তাবলীর স্বাপক্ষে প্রয়োজনীয় রেকর্ডপত্র।
- ৯। সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৫৬ বিধি মোতাবেক সমিতির রেজিষ্টার ও বহিসমূহ। সদস্য ও তার মনোনীত প্রতিনিধি রেজিষ্টার, শেয়ার রেজিষ্টার, সঞ্চয় রেজিষ্টার, কর্জ রেজিষ্টার, অগ্রিম রেজিষ্টার (যদি প্রযোজ্য হয়), ব্যবস্থাপনা কমিটির সভা রেজিষ্টার, সাধারণ সভার রেজিষ্টার, ক্যাশ বহি বা রেজিষ্টার এবং নিবন্ধক কর্তৃক নির্দেশিত অন্যান্য বহি বা রেজিষ্টার।
- ১০। এছাড়াও অন্যান্য রেকর্ডপত্র যেমন ব্যবহার্য আসবাবপত্র ও অফিস সরঞ্জাম / অন্যান্য সামগ্রী যাচাই প্রতিবেদন( সংযুক্ত ছক মোতাবেক)। তাহার তালিকা সহ চাহিত সকল তথ্য লিখিত ভাবে অডিট সম্পাদনের তারিখে নিম্নস্বাক্ষরকারী নিকট দাখিল করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।
- ১১। কার্যকরী কমিটির সদস্যদের মোবাইল নম্বর ও এন আইডি নম্বর দিতে হবে।



২৬-৭-২০২২

মোঃ আমজাদ হোসেন

উপজেলা সমবায় অফিসার

ইমেইল:

uco.braigam@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি, বড়াইগ্রাম ইউসিসিএ লিঃ, বড়াইগ্রাম, নাটোর

২) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সচিব, বড়াইগ্রাম ইউসিসিএ লিঃ, বড়াইগ্রাম, নাটোর। তাঁকে উক্ত কেন্দ্রীয় সমিতির ২০২১-২২ সনের বার্ষিক অডিট সম্পাদনে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করা হলো এবং সদস্য/সদস্য সমিতির নিজ নিজ হিসাব মিলিয়ে নেওয়ার নিমিত্তে তাদেরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩) উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নাটোর।

৪) জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, নাটোর

৫) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী, মহোদয়ের সদয় অবগতির জন্য।